

নারীপক্ষ

র্যাংগস নীলু স্কয়ার (৫ম তলা) বাড়ি-৭৫, সড়ক-৫/এ, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯, বাংলাদেশ।

ফোন: ৮৮০-২-৪৮১১১১৭৩, ৫৮১৫৩৯৬৭ ফ্যাক্স: ৮৮০-২-২২২২৪২৭৬০, ই-মেইল: naripokkho@gmail.com ওয়েবসাইট: www.naripokkho.org.bd

স্মারক নং- না.প- ০৭/২০২৩- ৩৪০

১৫ শ্রাবণ ১৪৩০

৩০ জুলাই ২০২৩


প্রতিবাদ বিবৃতি

রিয়াদে বাংলাদেশ দূতাবাসের সেফহোমে আশ্রিত বাংলাদেশী নারীদের ধর্ষণ ও নির্যাতনকারী উপসচিব মেহেদী হাসানকে অনতিবিলম্বে ফৌজদারী আইনের অধীনে বিচারের আওতায় আনা হোক

গত ২৬ জুলাই ২০২৩ প্রকাশিত দৈনিক প্রথম আলো পত্রিকার খবরে জানা যায়, রিয়াদে বাংলাদেশ দূতাবাসের সেফহোমে আশ্রিত নির্যাতনের শিকার বাংলাদেশী নারী গৃহশ্রমিকদের নির্যাতন মুক্ত না করে উপসচিব মেহেদী হাসান নিজেই ‘ধর্ষণ’ ও নানারকমভাবে হেনস্তা করে “নারীর উপর সহিংসতা”- এর অভিযোগে অভিযুক্ত হয়েছেন। ২০২০ সালে উপসচিব মেহেদী হাসানের বিরুদ্ধে দূতাবাসে আশ্রিত অভিবাসী নারী গৃহশ্রমিক ধর্ষণের অভিযোগ ওঠে। একই বছর সংশ্লিষ্ট দূতাবাস একটি তদন্ত কমিটি গঠন করে এবং তাদের তদন্তে অভিযোগ প্রমাণিত হয়, যার প্রেক্ষিতে বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয় তাকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করে। পরবর্তীতে তাকে তিন বছর ওএসডি রেখে চূড়ান্তভাবে চাকুরিচ্যুত করা হয়।

‘ধর্ষণ’ একটি ফৌজদারী অপরাধ। এই অপরাধে অভিযুক্ত ব্যক্তি নারী ও শিশু নির্যাতন দমন সংশোধন আইন, ২০২০ অনুযায়ী দণ্ডিত হবেন কিন্তু এই অপরাধে অপরাধী মেহেদী হাসানকে কেবল চাকুরিচ্যুত করা হয়েছে, ফৌজদারী আইনে কোন মামলা হয়নি, যা আইনের স্পষ্ট লঙ্ঘন। কোন সরকারি কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে ধর্ষণ বা যৌন হয়রানির অভিযোগ উঠলে তাকে কেবলমাত্র ‘সাময়িক বরখাস্ত’ বা ‘বদলী’ প্রশাসনিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ এক ধরনের বিচারহীনতা, যা অপরাধ দমন না করে বরং আরো অপরাধ সংঘটনকে উৎসাহিত করে। নারীপক্ষ’র জোর দাবি, উপসচিব মেহেদী হাসানকে অনতিবিলম্বে ফৌজদারী আইনের অধীনে বিচারের আওতায় এনে সুবিচার নিশ্চিত করা হোক। সেইসাথে দূতাবাসগুলোর কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করা, অভিবাসী নারী গৃহশ্রমিকদের সেবা ও সুরক্ষা দিতে ব্যর্থ কর্মকর্তাদের বিরুদ্ধে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে তাৎক্ষণিক আইনানুগ ব্যবস্থা নেয়া এবং দূতাবাসসংশ্লিষ্ট সেফহোমগুলোতে আশ্রিত নারীদের পূর্ণ নিরাপত্তা বিধানে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হোক।

বার্তা প্রেরক,



তামান্না খান পপি
আন্দোলন সম্পাদক,
নারীপক্ষ।

NARIPOKKHO

GPO Box-723, Dhaka-1000, Bangladesh, Phone: 880-2-48111173, 58153967, 222242760

E-mail: naripokkho@gmail.com, Website: www.naripokkho.org.bd